**এই চুক্তিটি ইন্সটয়্যান্ট ট্রেডিং লিমিটেড (এর পরে কোম্পানি হিসাবে উল্লেখ করা হয়েছে) মধ্যে প্রবেশ করা হয়েছে এবং অংশীদার উভয় পক্ষই নিম্নলিখিত বিষয়গুলিতে একমত হবেন:**

**1.** সাধারণ বিধানসমূহ

**1.1.** কোম্পানি এবং অংশীদার গ্রাহক আকৃষ্ট করার দায়িত্ব গ্রহণ করবে, যেন গ্রাহকগণ কোম্পানির উপকরণ ব্যবহার করে লেনদেন করে।

**1.2.** কোম্পানির ব্রোকার সেবায় গ্রাহকদেরকে সংযুক্ত করার জন্য অংশীদার এই চুক্তিতে বর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে। চুক্তি অনুযায়ী অংশীদার কোম্পানির সকল শর্তাবলী মানতে বাধ্য থাকবে। বর্তমান চুক্তিতে বর্ণিত নিয়মানুসারে, অংশীদার তার নিজের নামে কোম্পানিতে গ্রাহক রেফার করবে।

**1.3.** রেফার করা সকল গ্রাহক কোম্পানির গ্রাহক এ বিষয়ে অংশীদার সম্মত থাকবে।

**1.4.** ভাষা

**1.4.1.** বর্তমান চুক্তির প্রধান ভাষা ইংরেজি।

**1.4.2.** অংশীদারদের সুবিধার জন্য কোম্পানি বর্তমান চুক্তি অন্য ভাষায় অনুবাদ করতে পারে। অনুবাদের উদ্দেশ্য শুধুমাত্র তথ্য প্রদান করা।

**1.4.3.** যদি ইংরেজি ভাষা এবং অন্য ভাষায় অনুবাদকৃত সংস্করণের মধ্যে অমিল থাকে, তাহলে ইংরেজি সংস্করণ প্রাধান্য পাবে।

**1.5.** অংশীদারের পরিচয় যাচাইকরণ

**1.5.1.** অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের সময় অংশীদার কর্তৃক প্রদানকৃত যেকোনো তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য কোম্পানি প্রয়োজনীয় কাগজপত্র চাইতে পারে। এজন্য,কোম্পানি অংশীদারের আইডি এর স্ক্যান করা কপি অথবা নোটারি কপি (কোম্পানির বিবেচনায়) প্রদানের জন্য অংশীদারকে অনুরোধ করতে পারে।

**1.5.2.** অংশীদার যদি কোম্পানির পক্ষ থেকে স্ক্যান করা পরিচয় পত্রের কপির জন্য কোন অনুরোধ না পেয়ে থাকে, তাহলে অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের যাচাইকরণ ঐচ্ছিক বলে গণ্য হবে। যাইহোক, কোম্পানি যে কোন সময় অযাচাইকৃত অ্যাকাউন্ট বাতিল করে দিতে পারে। এজন্য, অংশীদার নিজে অ্যাকাউন্টের যাচাইকরণ সম্পন্ন করতে পারে।

**1.5.3.** নিবন্ধন করার সময় প্রদানকৃত কোনো তথ্য (নাম, বসবাসের ঠিকানা অথবা টেলিফোন নম্বর) পরিবর্তন করতে চাইলে, অংশীদারকে কোম্পানির অংশীদার সম্পর্ক বিভাগের সাথে যোগাযোগ করে তথ্য পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারে।

**1.5.4.** অংশীদার সম্মত থাকবেন যে, অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের সময় প্রদানকৃত যেকোনো তথ্য কোম্পানি অর্থ পাচার রোধ সম্পর্কিত কার্যক্রমে ব্যবহার করতে পারবে।

**1.5.5.** পরিচয়পত্রের (আইডিগুলোর কপি) সত্যতার বিষয়ে অংশীদার দায়িত্ব গ্রহণ করবে। অংশীদার স্বীকার করছে যে, আইডি এর সত্যতার বিষয়ে কোনো সন্দেহ দেখা দিলে কোম্পানি আইডি ইস্যুকৃত দেশের আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা নিতে পারবে। আইডি এর জালিয়াতি ধরা পড়লে কোম্পানি অংশীদারকে আইডি ইস্যুকারী দেশের আইন অনুযায়ী শাস্তির আওতায় আনতে পারবে।

**2.** গ্রাহকদের সাথে সম্পর্ক

**2.1.** অংশীদার কোম্পানির ওয়েবসাইটের সংশ্লিষ্ট বিভাগে কোম্পানি সম্পর্কিত

বিজ্ঞাপন প্রচার করতে পারবে। এবং সম্ভাব্য গ্রাহকদের মানসম্মত তথ্য প্রদান করতে পারবে।

**2.2.** অংশীদার গ্রাহকের কাগজপত্র ও চুক্তির সত্যতা এবং আইনগত বৈধতা যাচাই করে কোম্পানির কাছে জমা দিবে।

**2.3.** কোম্পানির ব্রোকার সেবায় প্রবেশ করার জন্য অংশীদার গ্রাহককে গুরুত্বপূর্ণ ও অপরিহার্য তথ্যগুলো প্রদান করবে। অংশীদার গ্রাহককে কোম্পানির সেবা ও চুক্তির শর্তাবলীর ব্যাখ্যা প্রদান করবে।

**2.4.** পাবলিক অফার চুক্তি স্বাক্ষর করার পূর্বে অংশীদার গ্রাহককে মুদ্রা লেনদেন সম্পর্কিত ঝুঁকি সম্পর্কে অবহিত করবে।

**2.5.** লেনদেন কার্যক্রমের ক্ষেত্রে কোনো গ্রাহককে অনুপ্রাণিত করার জন্য তথ্য ও পরামর্শ প্রদান করা কোম্পানির সেবার অংশ নয়। বিশেষ কোনো পরিস্থিতিতে তথ্য, নির্দেশনা বা পরামর্শ প্রদান করার অধিকার কোম্পানির রয়েছে, তবে এরূপ নির্দেশনার ফলাফলের দায়ভার কোম্পানি বহন করবে না। ভুল তথ্য অথবা অন্য কোনো ভুলের কারণে সংঘটিত সকল লেনদেন কার্যকর হবে এবং কোম্পানি ও গ্রাহক বাধ্যতামূলকভাবে তা সম্পাদন করবে।

**2.6.** ট্রেডিং অ্যাকাউন্টে লেনদেন সম্পর্কিত পরামর্শ ও উপদেশ অংশীদার গ্রাহকদের প্রদান করবে না। অন্যথায়, অংশীদার প্রদত্ত লেনদেন সম্পর্কিত যে কোন ভুল পরামর্শ ও উপদেশের জন্য কোম্পানি দায়ী থাকবে না।

**3.** অংশীদারের অধিকার ও বাধ্যবাধকতা

**3.1.** অংশীদারগণ নতুন গ্রাহক আকৃষ্ট করতে বাধ্য থাকবে যেন গ্রাহকগণ কোম্পানির ব্রোকার সেবায় যুক্ত হয় এবং কোম্পানির চুক্তি ও শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক আর্থিক মার্কেটে লেনদেন করে।

**3.2.** কোম্পানি থেকে কমিশন গ্রহণের জন্য অংশীদারগণ একটি অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট খুলতে বাধ্য থাকবে।

**3.3.** আন্তর্জাতিক আর্থিক বাজারে কোম্পানির সেবা এবং সাধারণ তথ্য সম্পর্কে অংশীদারগণ অবগত থাকবে।

**3.4.** অংশীদার কোম্পানির সকল তথ্য সম্পর্কে অবগত থাকবে এবং কোন তথ্য সংযোজন বা পরিবর্তন হলে তা গ্রাহকদের সময়মত জানাতে বাধ্য থাকবে।

**3.5.** অংশীদার গ্রাহকদের অ্যাফিলিয়েট গ্রুপের বিস্তারিত তথ্য ও আইনি সহায়তা প্রদান করতে বাধ্য থাকবে, সেই সাথে বৈদেশিক বিনিময় বাজারে লেনদেনের ক্ষেত্রে গ্রাহকদের কোন সমস্যা হলে তার সমাধান করবে।

**3.6.** অংশীদার সকল গ্রাহকদের কোম্পানির সেবা সম্পর্কিত প্রশ্নের জবাব দিতে বাধ্য থাকবে।

**3.7.** কোম্পানির সম্মতি ব্যতীত অংশীদার অন্য কোন উপ-সংস্থা গঠন করতে পারবে না বা অন্য কোন চুক্তি করতে পারবে না।

**3.8.** অংশীদার যদি ব্যক্তিগতভাবে কোন গ্রাহকের সমস্যা সমাধান করতে না পারে, সেক্ষেত্রে অংশীদার গ্রাহকের সমস্যা সমাধানের প্রয়োজনীয় বিষয় (অ্যাকাউন্ট নম্বর, অর্ডার টিকেট, সময় ইত্যাদি) কোম্পানিকে প্রদান করে কোম্পানির বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ করতে পারে।

**3.9.** অংশীদার কোম্পানির সম্মতিক্রমে বিপণন সম্পর্কিত যে কোন পরিকল্পনা গ্রহণ ও প্রয়োগ করতে পারবে।

**3.10.** অশদর যদ BING, GOOGLE ইত্য দ সর্চ ইঞ্জি ন কি-ওয় র্ড হিস ব "InstaFinance Ltd." ব এর কছকছ বনন র কেন শব্দ ব্যবহ র কর অথব অন্য কেন ভষয় এরূপ শব্দ ব্যবহ র কর, তহল কেম্প ন কেন নে টিশ প্রদ ন ছড়ই অ্যাফল য়ট কমশন বত ল কর র অধক র সর্র ণ কর।

**3.11.** পাবলিক অফার চুক্তি অনুযায়ী অংশীদার অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট থেকে অর্থ উত্তোলন করতে পারে এবং অ্যাকাউন্ট অর্থ জমা করতে পারে।

**3.12.** পাবলিক অফার চুক্তি অনুযায়ী ব্যক্তিগত গ্রাহক অ্যাকাউন্ট আকারে অ্যাফিলিয়েট অ্যাকাউন্ট সহজলভ্য, অর্থাৎ অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে অংশীদার লেনদেন কার্যক্রম সম্পন্ন করতে পারবে। গ্রাহকগণ তাদের অ্যাকাউন্টে অর্থ জমা করার জন্য যেসব মুদ্রা ব্যবহার করে সেগুলো দ্রুত পরিবর্তনশীল হওয়ার কারণে কোম্পানি অংশীদারের সাথে মীমাংসার ক্ষেত্রে ঐসব মুদ্রার গড় বিনিময় হার ব্যবহার করার অধিকার সংরক্ষণ করে।

**3.13.** ব্যবসা পরিচালনা এবং কোম্পানির সেবা বিস্তৃতিতে কোন ধরনের সমস্যা দেখা দিলে, অংশীদার সমস্যার বিস্তারিত বিবরণ কোম্পানিকে অবহিত করে দ্রুত তার সমাধান গ্রহণ করতে পারে।

**3.14.** অংশীদার গ্রাহকের লিখিত সম্মতি ছাড়া গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টে কোন লেনদেন কার্যক্রম সম্পাদন করতে পারবে না।

**3.15.** অংশীদার গ্রাহকদের সাথে কোন ধরনের অর্থ অথবা বৈদেশিক মুদ্রা লেনদেন করতে পারবে না এবং গ্রাহকের কাছ থেকে নগদ অর্থ, সিকিউরিটি অথবা অন্যান্য সম্পদ গ্রহণ করতে পারবে না।

**3.16.** কোম্পানির কাস্টম অ্যাফিলিয়েট কোড এবং অ্যাফিলিয়েট পরিসংখ্যানের মাধ্যমে অংশীদার প্রচারমূলক প্রচারাভিযানের কার্যকারিতা পর্যবেক্ষণ করতে পারে।

**3.17.** কোম্পানির বিভিন্ন প্রচার উপকরণ অংশীদার ব্যবহার করতে পারে যেমন ব্যানার, উইজেট/ ইনফরমার, টেক্সট লিঙ্ক, ল্যান্ডিং পেজ ইত্যাদি।

**3.18.** অংশীদার বিজ্ঞাপনের জন্য কোম্পানির ব্রান্ড সম্বলিত পণ্যের ডিজাইন ব্যবহার করতে পারে।

**3.19.** একজন অংশীদার অন্যান্য অংশীদারদের আকর্ষণ করতে পারে এবং তাদের রেফার করা প্রতিটি গ্রাহক থেকে কমিশন গ্রহণ করতে পারে।

**3.20.** অংশীদার ফরেক্স কপি ফলোয়ার রেফার করতে পারে এবং তাদের ট্রেড থেকে কমিশন গ্রহণ করতে পারে।

**3.21.** অংশীদার প্যাম ট্রেডার রেফার করতে পারে এবং তাদের লেনদেন থেকে কমিশন গ্রহণ করতে পারে।

**3.22.** অংশীদার প্যাম বিনিয়োগকারী রেফার করতে পারে এবং যদি বিনিয়োগ লাভজনক হয় তাহলে প্যাম ট্রেডারের নির্ধারিত মুনাফা গ্রহণ করতে পারে।

**3.23.** অংশীদার অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে লেনদেন কার্যক্রম সম্পাদন করতে পারে।

**4.** কোম্পানির অধিকার এবং দায়বদ্ধতার

**4.1.** পাবলিক অফার চুক্তি অনুযায়ী অংশীদারদের রেফার করা গ্রাহকদের জন্য ট্রেডিং অ্যাকাউন্ট খুলতে কোম্পানি বাধ্য থাকবে।

**4.2.** লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য কোম্পানি গ্রাহকদের লগইন ও পাসওয়ার্ড প্রদান করবে।

**4.3.** কোম্পানি গ্রাহকদের সম্পাদিত সকল কার্যক্রমের নথি সংরক্ষণ করবে।

**4.4.** কোম্পানি অংশীদারদের চুক্তি সম্পর্কিত সকল বিষয় সেই সাথে বৈদেশিক বিনিময় বাজারে গ্রাহক অংশগ্রহণের সকল নিয়ম ও শর্তাবলী সম্পর্কে অবগত করবে।

**4.5.** চুক্তির ধারা ১০ অনুযায়ী কোম্পানি অংশীদারদের মাসিক আয় এবং ব্যয়ের ভিত্তিতে পাওনা পরিশোধ করতে বাধ্য থাকবে।

**4.6.** কোম্পানি অংশীদারের কাছে গ্রাহক রেফার সম্পর্কিত কার্যক্রম এবং ফলাফলের পরিপূর্ণ প্রতিবেদন চাইতে পারে।

**4.7.** কোম্পানির অ্যাফিলিয়েট প্রোগ্রামে নিবন্ধনের ৩০ দিনের মধ্যে অংশীদার ৩ বা তার অধিক গ্রাহক আকর্ষণ করতে না পারলে, কোম্পানি তার অংশীদারিত্ব বাতিল করে দিতে পারে। অংশীদার যদি ব্যক্তি হন তাহলে তার নিকট আত্মীয়দের রেফার করতে পারবে না। অংশীদার যদি আইনি সত্তা হয়, তাহলে তার প্রতিষ্ঠাতাদের নিকট আত্মীয়দের রেফার করা যাবে না। অংশীদার তার নিজের অ্যাকাউন্টগুলো রেফার করতে পারবে না।

**4.8.** ক্লায়েন্ট ক্যাবিনেটে নিবন্ধনের ৩০ দিনের মধ্যে গ্রাহকের অ্যাকাউন্টে অর্থ জমা না করলে কোম্পানি অ্যাফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকের অ্যাকাউন্ট বাতিল করে দিতে পারে।

**4.9.** অংশীদার যদি বর্তমান চুক্তির কোনো নিয়ম ভঙ্গ করে, তাহলে কোম্পানি তার অ্যাফিলিয়েট গ্রুপ থেকে গ্রাহকদের বাদ দেওয়ার অধিকার সংরক্ষণ করে।

**4.10.** বর্তমান চুক্তি অনুযায়ী আন্তর্জাতিক অর্থ বাজারে গ্রাহকদের লেনদেন থেকে অংশীদারের প্রাপ্ত কমিশন সম্পর্কে কোম্পানি অ্যাফিলিয়েট গ্রুপের গ্রাহকদের জানাতে পারবে।

**4.11.** অংশীদার যদি বর্তমান চুক্তির কোনো নিয়ম ভঙ্গ করে, তাহলে কোম্পানি বর্তমান চুক্তি বাতিল করতে পারবে।

**4.12.** বর্তমান চুক্তি ও এর পরিশিষ্টের অন্যান্য কাজগুলো সম্পাদন করার অধিকার কোম্পানির রয়েছে।

**5.** অংশীদারের কাজের নীতি এবং গ্রাহক আকর্ষণ অংশীদারের নীতি ও গ্রাহক রেফার করা

**5.1.** ধারা ৩ অনুযায়ী অংশীদার আন্তর্জাতিক আর্থিক বাজারে কোম্পানির কার্যক্রম সম্পর্কিত তথ্য এবং ব্রোকারেজ সেবা, ডিলার ও বিনিয়োগ সেবা সম্পর্কিত একটি ওয়েবসাইট তৈরি করতে পারে।

**5.2.** একজন গ্রাহক নিম্নোক্ত যে কোন উপায়ে অ্যাফিলিয়েট গ্রুপে নিবন্ধন করতে পারে:

**5.2.1.** গ্রাহক যদি কোম্পানির অফিসিয়াল ওয়েবসাইটের অ্যাফিলিয়েট লিংক ক্লিক করে।

**5.2.2.** গ্রাহক যদি ট্রেডিং অ্যাকাউন্টের নিবন্ধন ফর্মে অ্যাফিলিয়েট কোড উল্লেখ করে।

**5.2.3.** অংশীদার যদি গ্রাহকের স্বাক্ষর করা গ্রাহক পরিচয় ফর্ম কোম্পানির কাছে জমা দেয়।

**5.3.** গ্রাহক অংশীদারের সেবা প্রত্যাখ্যান করে শুধু কোম্পানির সেবা গ্রহণ গ্রহণ করতে পারবে।

**5.4.** অসাধু প্রতিযোগিতা প্রতিরোধ করার লক্ষ্যে, গ্রাহকদেরকে এক অ্যাফিলিয়েট গ্রুপ থেকে অন্য গ্রুপে স্থানান্তর করা ও বর্তমান গ্রাহকদেরকে অ্যাফিলিয়েট গ্রুপে স্থানান্তর করা নিষিদ্ধ। যেসব গ্রাহক কোম্পানিতে নতুন অ্যাকাউন্ট খুলছে তারাও অ্যাফিলিয়েট গ্রুপে অন্তর্ভুক্ত হওয়ার ক্ষেত্রে বর্তমান চুক্তির এই ধারাটি মেনে চলবে। উল্লেখ্য: কেনো অন্য একটি অ্যাফিলিয়েট গ্রুপে সে স্থানান্তরিত হবে তার ব্যাখ্যা প্রদান করে কোম্পানির কাছে আবেদন করতে পারে। কোম্পানি প্রতিটি আবেদন আলাদাভাবে বিবেচনা করবে ও সিদ্ধান্ত গ্রহণ করবে।

**5.5.** অংশীদার যদি ব্যক্তি হয় তাহলে তার নিজের অ্যাকাউন্ট এবং তার নিকট আত্মীয়দের অ্যাকাউন্ট থেকে অ্যাফিলিয়েট কমিশন পাবে না। অংশীদার যদি আইনি সত্তা হয় তাহলে তার প্রতিষ্ঠাতাদের ও তাদের নিকট আত্মীয়দের ব্যক্তিগত অ্যাকাউন্ট থেকে অ্যাফিলিয়েট কমিশন পাবে না।

**5.6.** অংশীদার গ্রাহক আকর্ষণের কোন অন্যায় পদ্ধতি গ্রহণ করতে পারবে না যেমন কোম্পানির ওয়েবসাইটে কোন ফর্ম পূরণ অথবা অ্যাফিলিয়েট গ্রুপে নিবন্ধনের জন্য

গ্রাহকদের বাধ্য করতে পারবে না।

**6.** বিরোধ নিষ্পত্তি

**6.1.** অংশীদারের কাছে যদি কোনো ঘটনা বা বিষয় আপত্তিকর মনে হয় তাহলে ৫ কর্ম-দিবসের মধ্যে কোম্পানির কাছে অভিযোগ করতে পারবে।

**6.2.** কোম্পানির বিপক্ষে কোন অভিযোগ থাকলে লিখিত কাগজে সেটি কোম্পানির কাছে পাঠাতে হবে, অথবা ওয়েবসাইটের উল্লিখিত ইমেইল ঠিকানায় মেইল করতে হবে। অন্য কোনোভাবে অভিযোগ করলে তা গ্রহণ করা হবে না।

**6.3.** অভিযোগের মধ্যে অবশ্যই অন্তর্ভুক্ত থাকবে: অংশীদার/অংশীদারের কোম্পানির প্রথম এবং দ্বিতীয় নাম, সমস্যার মূল বিবরণ, সমস্যার বিস্তারিত বিবরণ। সমস্যার আবেগপ্রবণ বিবরণ এবং কোম্পানির নামে কটূক্তি আবেদনে উল্লেখ করা যাবে না।

**6.4.** বিরোধ নিষ্পত্তির প্রয়োজন হলে গ্রাহক/ অংশীদারের কাছে কোম্পানি বিরোধ সম্পর্কিত বিস্তারিত বিবরণ চেয়ে অনুরোধ করতে পারে।

**6.5.** ধারা ৬.২, ৬.৩,৬.৪,৭.২ এবং ৭.৩ অনুযায়ী শর্ত পূরণ না হলে কোম্পানি অভিযোগ বাতিল করে দিতে পারে।

**6.6.** কোম্পানি অংশীদারের অভিযোগ যাচাই করে যত দ্রুত সম্ভব তার সমাধান প্রধান করবে এবং অংশীদারের কাছে ইমেইল করে সিদ্ধান্তের বিষয়ে জানাতে বাধ্য থাকবে। অভিযোগ দাখিলের ১০ কার্যদিবসের মধ্যে কোম্পানি সমস্যার অনুসন্ধান করে সমাধান প্রদান করবে।

**6.7.** বর্তমান চুক্তি অনুযায়ী বিরোধ সংক্রান্ত বিষয় সমঝোতার মাধ্যমে সমাধান করা যাবে।

**6.8.** দুই পক্ষের মধ্যে বিরোধ সমঝোতার মাধ্যমে সমাধান করা যাবে। নিদিষ্ট সময়ের মধ্যে বিরোধ নিষ্পত্তি না হলে ধারা ৬.৫, ৭.২ এবং ৭.৩ অনুসারে বিরোধ নিষ্পত্তির জন্য কোর্টে মামালা করা যাবে।

**7.** তথ্য বিনিময়

**7.1.** কোম্পানি নিম্নোক্ত মাধ্যমে অংশীদারদের সাথে যোগাযোগ করতে পারে:

**7.1.1.** ইমেইল;

**7.1.2.** • ফ্যাক্স;

**7.1.3.** ফোন;

**7.1.4.** পোস্ট অফিস;

**7.1.5.** কোম্পানির ওয়েবসাইটের নিদিষ্ট বিভাগে ঘোষণা করে;

**7.1.6.** কোম্পানির নির্ধারিত অন্যান্য ইলেকট্রনিক মাধ্যম (স্কাইপি, আইসিকিউ ইত্যাদি)

**7.2.** ধারা ৭.১ অনুযায়ী উল্লেখিত যে কোন উপায়ে অংশীদারগণ কোম্পানির সাথে যোগাযোগ করতে পারে।

**7.3.** বার্তা, নথি, ঘোষণা, বিজ্ঞপ্তি, অনুমোদন, প্রতিবেদন ইত্যাদি। বিপরীত পক্ষের সম্মতিতে নির্ধারিত হবে:

**7.3.1.** ইমেইলে একটি বার্তা পাঠানোর ১ ঘণ্টা পর;

**7.3.2.** ট্রেডিং টার্মিনাল অভ্যন্তরীণ মেইলের মাধ্যমে বার্তা পাঠানোর ১ ঘণ্টা পর;

**7.3.3.** ফ্যাক্স এর মাধ্যমে বার্তা পাঠানোর ১ ঘণ্টা পর;

**7.3.4.** টেলিফোনের কথোপকথনের সাথে সাথে;

**7.3.5.** নথি পাঠানোর ৭ দিনের মধ্যেই;

**7.3.6.** কোম্পানির ওয়েবসাইটে ঘোষণা হওয়ার এক ঘণ্টা পর।

**8.** গোপনীয় তথ্য

**8.1.** বর্তমান চুক্তি অনুযায়ী অংশীদারগণ কোম্পানি সম্পর্কিত কোন তথ্য প্রকাশ করবে না এবং বর্তমান চুক্তি থাকাকালীন অবস্থায় ও চুক্তি শেষ হওয়ার ৫ বছরের মধ্যে কোন তথ্য প্রকাশ করবে না।

**8.2.** অংশীদার কোম্পানির সেবা এবং কাজ সংক্রান্ত কোন তথ্য তৃতীয় পক্ষের কাছে প্রকাশ করতে পারবে না।

**8.3.** অংশীদার গ্রাহকদের ব্যক্তিগত ও লেনদেন সংক্রান্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করবে।

**9.** আয় ও পারস্পরিক সমঝোতা

**9.1.** যদি এক দিনের কমিশন $৫০০ এর বেশি হয় এবং আকৃষ্ট গ্রাহকের সংখ্যা যদি ১০ এর কম হয়, তাহলে কোম্পানি এই অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের কমিশনের পরিমাণ পরিবর্তন করতে পারে এবং ০.৫ পিপ কমাতে পারে।

**9.2.** অংশীদার ৩ জনের অধিক গ্রাহক আকৃষ্ট করতে পারলে কোম্পানি অংশীদারকে অ্যাফিলিয়েট কমিশন প্রদান করবে।

**9.3.** চুক্তির পরিশিষ্ট ১ অনুযায়ী কোম্পানি গ্রাহকদের অ্যাফিলিয়েট কমিশন প্রদান করবে। এক মাসে অ্যাফিলিয়েট গ্রুপের সকল গ্রাহকদের অ্যাকাউন্টের প্রান্তিক গড় মান ৫০% এর বেশি হওয়া যাবে না। গড় প্রান্তিক মান বের করা হয় সকল গ্রাহকের অ্যাকাউন্টের এক মাসের শুরু এবং শেষ ব্যালেন্স যোগ করে ২ দ্বারা ভাগ করে।

**9.4.** যখন কমিশন গণনা করা হবে, তখন ট্রেডিং প্ল্যাটফর্মের ভুলের কারণে যদি গ্রাহকের লেনদেনের কোন ভুল হয় তাহলে সেই লেনদেন কোম্পানি বিবেচনা করবে না।

**9.5.** যদি একজন গ্রাহকের অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে লেনদেন থেকে প্রাপ্ত কমিশনের পরিমাণ ৩০% এর বেশি হয় অথবা চুক্তির ৫.৫ ধারা ভঙ্গ করা হয় তাহলে কোম্পানি অংশীদারকে কমিশন প্রদান করবে না এবং অ্যাফিলিয়েট গ্রুপ থেকে বাতিল করবে।

**9.6.** যদি কোনো গ্রাহক ইনস্ট্যান্ট ট্রেডিং লিমিটেডের সাধারণ নিয়ম ও শর্তাবলী লঙঘন করে বা বোনাস সিস্টেমের শর্তাবলী মেনে না চলে, প্রতারণামূলক অ্যাকাউন্টে কমিশন পেতে চায় বা অসৎভাবে অ্যাফিলিয়েট কমিশনের মাধ্যমে মুনাফা পেতে চায়, কোম্পানি তার অ্যাফিলিয়েট কমিশন বাতিল করতে পারে এবং অ্যাফিলিয়েট গ্রুপ থেকে এই ধরনের গ্রাহককে বাতিল করতে পারে।

**9.7.** যদি অংশীদারের নিবন্ধনের তথ্য আংশিক বা সম্পূর্ণভাবে অ্যাফিলিয়েট গ্রুপের কোন গ্রাহকের সাথে মিলে যায়, তাহলে কোম্পানি বর্তমান চুক্তির ধারা ৫.৫ এবং ৯.৫ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে।

**9.8.** অংশীদারের অ্যাফিলিয়েট গ্রুপের অন্তর্ভুক্ত কোনো গ্রাহক অ্যাকাউন্টের ব্যবহৃত IP ও অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের ব্যবহৃত IP যদি একই হয়, তাহলে কোম্পানি উক্ত অ্যাফিলিয়েট অ্যাকাউন্টের জন্য বর্তমান চুক্তির ৫.৫ এবং ৯.৫ ধারা সম্পূর্ণরূপে ব্যবহার করতে পারবে।

**9.9.** অংশীদারের রেফার করা গ্রাহক অথবা অংশীদারের নামে নিবন্ধিত গ্রাহকের অ্যাকাউন্ট থেকে অসৎভাবে কমিশন গ্রহণ বন্ধ করতে কোম্পানি সেই সব অ্যাকাউন্ট থেকে অ্যাফিলিয়েট কমিশন প্রদান করে না যে সকল অ্যাকাউন্ট ৩ পিপ এর কম মুনাফা লাভ করেছে।

**9.10.** অংশীদার যদি বর্তমান চুক্তির ৩.১ এবং ৫.৪ ধারা ভঙ্গ করে, তাহলে অংশীদারের কার্যক্রম অ্যাফিলিয়েট প্রোগ্রামের মূলনীতির সাথে অসঙ্গতিপূর্ণ হিসাবে বিবেচিত হতে পারে। উপরে উল্লিখিত ধারাগুলো ভঙ্গ করে রেফার করা গ্রাহক

অ্যাফিলিয়েট গ্রুপ থেকে বাতিল হবে এবং তাদের লেনদেন থেকে প্রাপ্ত কমিশনও সম্পূর্ণরূপে বাতিল হবে।

**9.11.** অংশীদার মাসিক ভিত্তিতে কোম্পানির কাছে রেফারকৃত গ্রাহক সংখ্যা এবং গ্রাহক অ্যাকাউন্ট সংখ্যা জানতে চাইতে পারবে।

**9.12.** গ্রাহক তার অ্যাকাউন্টে অর্থ জমা করার অন্তত এক মাস পর অ্যাফিলিয়েট অ্যাকাউন্টে কমিশন প্রদান করা হয়। এই প্রোগ্রামের অবৈধ ব্যবহার রোধ করার জন্য সর্বোচ্চ সময় নির্ধারণ করা হয়নি।

**9.13.** বোনাস প্রোগ্রামে অংশগ্রহণকারীদের বোনাস তহবিল থেকে লেনদেন কার্যক্রম সম্পাদন হলে, সেক্ষেত্রে কোম্পানি কমিশন প্রদান নাও করতে পারে। সে সকল কমিশন ইতোমধ্যে প্রদান করা হয়েছে এই ধারা সেই সব কমিশনের ক্ষেত্রেও প্রযোজ্য ।

**9.14.** যদি অ্যাফিলিয়েট গ্রুপের অন্তর্ভুক্ত কোনো গ্রাহক কোম্পানির ডিলিং ডিপার্টমেন্টে অংশীদার কমিশন গ্রহণ করেছে এমন কোনো অর্ডার সম্পর্কে অভিযোগ করে, তাহলে কোম্পানি সম্পূর্ণ অ্যাফিলিয়েট কমিশন বাতিল করে দিতে পারবে।

**9.15.** একজন গ্রাহকের লেনদেন থেকে উৎপন্ন মুনাফা ৫ পিপ এর কম হলে, কোম্পানি অংশীদারের অ্যাফিলিয়েট কমিশন বাতিল করতে পারে।

**9.16.** এই অ্যাকাউন্টে একজন গ্রাহকের মোট অ্যাফিলিয়েট কমিশনের পরিমাণ হবে তার জমাকৃত অর্থের ৬০% (উদাহারন সরূপ, একজন গ্রাহকের অ্যাকউন্টে ১০০০ মার্কিন ডলার থাকলে অ্যাফিলিয়েট কমিশন হিসাবে ৬০০ মার্কিন ডলারের বেশি পাবে), কোম্পানি মোট অ্যাফিলিয়েট কমিশনের সমন্বয় করতে পারে, যেন এই কমিশন মোট আমানতের ৬০% এর বেশি না হয়।

**9.17.** বর্তমান চুক্তির পরিশিষ্ট ১ অনুযায়ী কোম্পানি অংশীদারকে কমিশন প্রদান করে ।

**9.18.** উভয়পক্ষ তাদের শুল্ক এবং তৃতীয়পক্ষকে অন্য যেকোনো কর আলাদাভাবে হিসাব ও প্রদান করবে।

**9.19.** কমিশন উত্তোলনের প্রক্রিয়া নির্দিষ্ট সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে, নির্ধারিত অর্থ-পরিশোধ ব্যবস্থার মাধ্যমে, যাইহোক, যদি রেফারাল ক্রেডিট কার্ড অথবা অন্য কোন অর্থ পরিশোধ ব্যবস্থায় অর্থ জমা করে, সেক্ষেত্রে সময়সীমা হবে যে দিন থেকে অর্থ জমা করা হয়েছে সে দিন থেকে ৪৫ ক্যালেন্ডার দিবস, প্রয়োজনে সময়সীমা বর্ধিত করা হবে। কোম্পানি অংশীদারকে এই বিষয়ে প্রয়োজনীয় বিধিনিষেধ প্রদান করবে।

**10.** চূড়ান্ত বিধান

**10.1.** উভয় পক্ষের চুক্তি স্বাক্ষরের পর থেকে চুক্তির মেয়াদ শুরু হবে।

**10.2.** চুক্তি স্বাক্ষরের পর থেকে ১২ মাস পর্যন্ত চুক্তি কার্যকর থাকবে।

**10.3.** বর্তমান চুক্তির সকল নিয়মাবলী মেনে চললে, চুক্তিটি অনির্দিষ্ট সময়কাল পর্যন্ত বর্ধিত করা যাবে।

**10.4.** কোম্পানি বর্তমান চুক্তির শর্তাবলী পরিবর্তন করতে পারবে, এই ধরনের পরিবর্তন ৫ কর্ম দিবসের পূর্বে অবশ্যই অবগত করবে।

**10.5.** যেকোনো পক্ষ অন্য পক্ষকে অন্তত ৫ দিন পূর্বে নোটিশ প্রদান করে একতরফা ভাবে বর্তমান চুক্তি বাতিল করতে পারবে।

**10.6.** কোনো পক্ষ যদি নিয়ম ভঙ্গ করে, তাহলে অপর পক্ষ বর্তমান চুক্তি বাতিলের জন্য আদালতের শরণাপন্ন হতে পারবে।

**10.7.** উভয় পক্ষের স্বাক্ষরের পর চুক্তির কোন সংশোধন, পরিবর্তন বা পরিবর্ধন করা

যাবে না। উভয় পক্ষের সম্মতিতে কেবল চুক্তিটি সংশোধন করা যাবে। যদি চুক্তিপত্র স্বাক্ষরের সময় এক পক্ষ তারিখ প্রদান না করে তবে অপর পক্ষ তারিখ প্রদানে তাকে বাধ্য করবে।

**10.8.** বর্তমান চুক্তি এবং এর পরিশিষ্টর দুইটি কপি থাকবে, যা প্রত্যেক পক্ষের কাছে একটি করে কপি থাকবে। উভয় কপি সমানভাবে নির্ভরযোগ্য বলে বিবেচিত হবে।

---

পরিশিষ্ট : পারস্পরিক সমঝোতা

**1.** অংশীদারের রেফার করা গ্রাহকের লেনদেন থেকে কোম্পানি অংশীদারকে অ্যাফিলিয়েট কমিশন প্রদান করবে, কমিশন প্রদানের বিষয়টি নির্ভর করবে গ্রাহকের মুনাফা লাভের উপর।

**2.** অ্যাফিলিয়েট কমিশনের পরিমাণ

**2.1.** ফরেক্সের প্রধান উপকরণগুলো লেনদেন করলে কোম্পানি অংশীদারদের ১.৫ পিপ কমিশন প্রদান করবে।

**2.2.** CFDs লেনদেনে কোম্পানি অংশীদারদের ১.২ পিপ কমিশন প্রদান করবে।

**2.3.** স্বর্ণের লেনদেনে কোম্পানি অংশীদারকে $২০ এবং রূপার লেনদেনে $১০ কমিশন প্রদান করবে।

**2.4.** ফিউচার চুক্তির লেনদেনের ক্ষেত্রে কোম্পানি অংশীদারকে ৩৩.৩% কমিশন প্রদান করবে।

**2.5.** ফরেক্স, CFDs এবং ধাতুর ১ লট লেনদেনের ক্ষেত্রে কোম্পানি নির্দিষ্ট পরিমাণ অ্যাফিলিয়েট কমিশন প্রদান করবে।

**3.** কোম্পানি এবং অংশীদার কোলাটেরাল চুক্তি করলে অন্য যে কোন লেনদেন করা সম্ভব।